




Embassy of the People's Republic  
of Bangladesh  
Athens

প্রেস বিজ্ঞপ্তি

এথেস, ১৭ই এপ্রিল ২০১৬

**বাংলাদেশ দূতাবাস এথেস এ ঐতিহাসিক মুজিবনগর দিবস পালন**

যথাযথ মর্যাদায় বাংলাদেশ দূতাবাস এথেসের আয়োজনে ১৭ই এপ্রিল ২০১৬ ঐতিহাসিক মুজিবনগর দিবস উদযাপিত হয়েছে। দিবসটি উপলক্ষে দূতাবাস প্রাঙ্গণে আলোকচিত্রমালা প্রদর্শন করা হয়। এরপর মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র মন্ত্রী কর্তৃক প্রবাসী বাংলাদেশিদের উদ্দেশ্যে প্রেরিত বাণীসমূহ দূতাবাসের কর্মকর্তারা পাঠ করে শুনান। বাণী পাঠের পরে ঐতিহাসিক মুজিবনগর দিবস এর উপর আলোচনার আয়োজন করা হয়। আলোচনা কালে গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন বাংলাদেশের অভ্যুদয়ে ১৭ এপ্রিল ১৯৭১ মুজিব নগর দিবসের তাৎপর্যের কথা তুলে ধরেন। তিনি বঙ্গবন্ধুর নেতৃত্বের কথা উল্লেখ করেন। তিনি মুজিবনগরের অস্থায়ী সরকারের তাৎপর্যের কথা উল্লেখ করে বলেন যে, অস্থায়ী সরকার মুক্তিযুদ্ধ পরিচালনা এবং বৈদেশিক সরকারের সাথে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করে সময়োপযোগী, সাহসী, প্রজ্ঞাবান নেতৃত্ব প্রদান করে। আলোচনায় অংশগ্রহণকারীরা মুজিবনগর দিবস এবং জাতির জনক বঙ্গবন্ধুর ঐতিহাসিক নেতৃত্বের কথা উল্লেখ করেন। আলোচনায় প্রবাসী বাংলাদেশি নাগরিকসহ দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

  
Md. Tarikul Islam  
Minister  
Embassy of Bangladesh  
Athens, Greece  
29.08.16